



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

মাদারগঞ্জ এ. এইচ. জেড. সরকারি কলেজ

মাদারগঞ্জ, জামালপুর।

www.mahzcollege.gov.bd

E-mail: mahzgovcollege@yahoo.com



স্মারক নং- মাসক/ / ২০২১

তারিখ :- ১৮/০২/২০২১খ্রি:

নোটিস

এতদ্বারা মাদারগঞ্জ এ. এইচ. জেড. সরকারি কলেজের সকল শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ প্রতিযোগিতা কশিন কর্তৃক আয়োজিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে রচনা প্রতিযোগিতার আয়োজন করেছে। উক্ত রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য শিক্ষার্থীদের নিকট থেকে রচনা আহ্বান করা হচ্ছে। অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের আগামী ২১/০২/২০২১ খ্রি: দুপুর ১২ টার মধ্যে কলেজ অফিসে রচনা জমা দেওয়ার জন্য বলা হলো।

রচনা প্রতিযোগিতা সম্পর্কিত তথ্যাদিঃ

০১. অনার্স লেভেলের শিক্ষার্থীদের জন্য:

বিষয়: কোভিড-১৯ জনিত পরিস্থিতিতে দেশের প্রতিযোগিতামূলক স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভূমিকা ও করণীয়। (২৫০০ শব্দের মধ্যে)

০২. একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের জন্য:

বিষয়: পণ্য ও সেবার বাজারে সুষ্ঠু প্রতিযোগিতামূলক পরিবেশ গঠন ও উন্নয়নে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভূমিকা ও করণীয় (২০০০ শব্দের মধ্যে)

শর্তাবলী :

০১. রচনা A4 সাইজের কাগজে, লাইন স্পেস ১.৫, মার্জিন ১ ইঞ্চি রেখে এক পৃষ্ঠায় (উভয় পৃষ্ঠায় নয়) প্রিন্ট করতে হবে।
০২. রচনা বাংলা ভাষায় লিখতে হবে। তবে কোন উদ্ধৃতি বা কোন ব্যক্তি / প্রতিষ্ঠানের গৃহীত কার্যক্রম/ বক্তব্য কোড আনকোড করে ইংরেজী ভাষা ব্যবহার করা যাবে, তথ্যসূত্র যথাযথভাবে উল্লেখ করতে হবে এবং Plagiarism করা যাবে না।
০৩. রচনার উপশীটে অংশগ্রহণকারীর নাম, পিতা-মাতার নাম, যোগাযোগের ঠিকানা, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, বর্ষ/শ্রেণি, মোবাইল নম্বর (বাংলা ও ইংরেজিতে) ও ই-মেইল (যদি থাকে) উল্লেখ করতে হবে। মূল রচনার কোন পৃষ্ঠায় এ সকল তথ্য উল্লেখ করা যাবে না, অন্যথায় রচনা সরাসরি বাতিল বলে গণ্য হবে।
০৪. রচনার সাথে এক কপি ছবিসহ অংশগ্রহণকারীর জীবন বৃত্তান্ত প্রদান করতে হবে।
০৫. প্রাপ্ত রচনাসমূহ অভ্যন্তরীণভাবে একটি কমিটির মাধ্যমে প্রাথমিকভাবে বাছাই করা হবে।
০৬. প্রাথমিক বাছাই পর্বে নির্বাচিত রচনাসমূহ এ লক্ষ্যে গঠিত মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়ন করা হবে।
০৭. রচনা মূল্যায়নের ক্ষেত্রে মূল্যায়ন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
০৮. দাখিলকৃত রচনা ফেরত প্রদান করা হবে না।

প্রফেসর ড. মো: আবদুল বাতেন-২৪০৩

অধ্যক্ষ

মাদারগঞ্জ এ. এইচ. জেড. সরকারি কলেজ

মাদারগঞ্জ, জামালপুর।